কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার
# KAAJ CAREER

Weekly Employment Newspaper

সর্বভারতীয় চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 10 • 11 March, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 26 Falgun, 1432 • Price Rs. 5.00/-

সিনিয়র সেকেন্ডারি, ম্যাট্রিক এবং সিনিয়র সেকেন্ডারি (মেডিক্যাল) রিক্রুটসের মাধ্যমে

## কয়েক হাজার অগ্নিবীর ভারতীয় নৌবাহিনীতে

### এসএসআর

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অগ্নিবীর পদে কয়েক হাজার অবিবাহিত তরুণ-তরুণীকে নিচ্ছে ভারতীয় নৌবাহিনীতে। নিয়োগ হবে সিনিয়র সেকেন্ডারি রেক্রুটস (এসএসআর) – (১/২০২৭ এবং

......... এরপর ২ পাতায়

### এমআর

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অগ্নিবীর পদে কয়েক হাজার অবিবাহিত তরুণ-তরুণীকে নিচ্ছে ভারতীয় নৌবাহিনীতে। নিয়োগ হবে ম্যাট্রিক রিক্রুটস (এমআর) – (০১/২০২৭ এবং ০২/২০২৭)

......... এরপর ২ পাতায়

### এসএসআর (মেডিক্যাল)

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অগ্নিবীর পদে কয়েক হাজার অবিবাহিত তরুণদের নিচ্ছে ভারতীয় নৌবাহিনীতে। নিয়োগ হবে সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (এসএসআর) মেডিক্যাল – (০২/২০২৭) ব্যাচে।

......... এরপর ৩ পাতায়

নার্সিং অফিসার রিক্রুটমেন্ট এলিজিবিলিটি টেস্টের মাধ্যমে

## ২,৫৫১ নার্সিং অফিসার দেশের এইমসগুলিতে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** নার্সিং অফিসার পদে ২,৫৫১ জনকে নিচ্ছে দেশের বিভিন্ন অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস (এইমস), জওহরলাল ইনস্টিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার) সহ বিভিন্ন প্রতিষ্ঠানগুলিতে। গ্রুপ-বি পদে নিয়োগ হবে সর্বভারতীয় নার্সিং অফিসার রিক্রুটমেন্ট এলিজিবিলিটি টেস্ট ((NORCET)-০৯-এর মাধ্যমে। প্রার্থীবাছাই করবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

**এইমস ভাটিন্ডা:** শূন্যপদ ৭২টি। এরমধ্যে থেকে অসং ৩৭টি (মহিলা ২৩, পুরুষ ২, মহিলা-শারীরিক

......... এরপর ৩ পাতায়

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়

## ১,১০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নিয়োগ

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ১,১০০ জনকে নিচ্ছে আইডিবিআই ব্যাঙ্কে। সেলস অ্যান্ড অপারেশন্স শাখায় নিয়োগ হবে গ্রেড-'ও' পদে। প্রার্থীরা যে রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য আবেদন করবেন সেখানকার স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও কথা বলতে জানতে হবে। আমেদাবাদ জোনের ক্ষেত্রে ভাষা জানতে হবে— গুজরাটি। বেঙ্গালুর জোনের ক্ষেত্রে— কান্নাডা। ভোপাল জোনের ক্ষেত্রে— হিন্দি, চণ্ডীগড় জোনের ক্ষেত্রে— পাঞ্জাবি, হিন্দি, উর্দু। চেন্নাই জোনের ক্ষেত্রে— তামিল। দিল্লি জোনের ক্ষেত্রে— হিন্দি। গুয়াহাটি জোনের ক্ষেত্রে— অসমিয়া, বাংলা, বোড়ো, মণিপুরী, গাড়ো, খাসি, মিজো, ককবরক।

......... এরপর ৪ পাতায়

হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন অফ ইন্ডিয়ায়

## ৭৩১ অফিসার, জুনিয়র এক্সিকিউটিভ নিচ্ছে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অফিসার/ জুনিয়র এক্সিকিউটিভ পদে ৭৩১ জনকে নিচ্ছে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডে (HPCL)। নীচের মতো যোগ্যতার ডিপ্লোমাধারী/ গ্রজুয়েট/ বি.ই./ বি.টেক./ এমবিএ/ সিএ/ সিএমএ/ এম.এসসি. ডিগ্রিধারী ভারতীয়রা আবেদন করতে পারেন।

জুনিয়র এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ১০টি। ইঞ্জিনিয়ারিং-ইউজি/পিজি, মেডিসিন ছাড়া অন্য যে কোনও বিষয়ের ৩ বছরের পুরো সময়ের রেগুলার গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (সিভিল): শূন্যপদ ১৯টি। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের পুরো সময়ের রেগুলার ডিপ্লোমাধারী

......... এরপর ৫ পাতায়

রেল হুইল ফ্যাক্টরিতে

## ১৯২ জনকে ট্রেনিং দিচ্ছে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ফিটার, মেশিনিস্ট, টার্নার, ইলেক্ট্রিশিয়ান সহ মোট ৭টি ট্রেডে ১৯২ অ্যাক্ট অ্যাপ্রেন্টিস নিচ্ছে রেলমন্ত্রকের অধীন রেল হুইল ফ্যাক্টরিতে (RWF)। সিএনসি প্রোগ্রামিং কাম-অপারেটর (সিওই গ্রুপ) ট্রেডের ক্ষেত্রে ট্রেনিংয়ের মেয়াদ ৬ মাস এবং বাকি সব ট্রেডের ক্ষেত্রে ১২ মাস।

ট্রেনিং শেষে, ভোকেশনাল

......... এরপর ৬ পাতায়

কলকাতা পুরসভায়

## ৮৬ স্টাফ নার্স নিচ্ছে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** স্টাফ নার্স পদে ৮৬ জনকে নিচ্ছে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীনস্থ খিদিরপুর আর্বান কমিউনিটি হেলথ সেন্টারে। নিয়োগ হবে সম্পূর্ণ চুক্তির ভিত্তিতে। প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং স্থানীয় ভাষার জ্ঞান থাকতে হবে।

স্টাফ নার্স: মোট শূন্যপদ ৮৬টি (অসং ৩৩, অসং-মেধাবি খেলোয়াড় ২, অসং-দৃষ্টিপ্রতিবন্ধী ১, অসং-শ্রবণ

.... এরপর ৮ পাতায়

ডেভেলপার, ডেটাবেস সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## সেন্ট্রাল ব্যাঙ্কে ২৭৫ স্পেশ্যালিস্ট অফিসার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** স্পেশ্যালিস্ট অফিসার পদে ২৭৫ বিভিন্ন শাখার বি.ই./ বি.টেক./ এমসিএ/ ইত্যাদি ডিগ্রিধারীকে নিচ্ছে সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়। নিয়োগ হবে বিভিন্ন স্ট্রিমে। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। নীচে বলা শূন্যপদ কমতে বা বাড়তে পারে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরাও চাইলে অসংরক্ষিত/ জেনারেল ক্যাটেগরির জন্য নির্ধারিত শূন্যপদে আবেদন করতে পারেন। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার বর্তমান কর্মচারীরাও (অন্তত ৩ বছর চাকরি থাকলে) আবেদন করতে পারেন। বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনও পদের জন্য নির্বাচিত হলে বর্তমান পদ থেকে পদত্যাগ করতে হবে। নিয়োগ হবে প্রধানত মুম্বই বা নবি মুম্বইয়ে অথবা প্রয়োজনে সাবসিডিয়ারি সহ যে কোনও স্থানে অবস্থিত ব্যাংকের

.... এরপর ৭ পাতায়

সাউদার্ন, নর্দার্ন এবং ওয়েস্টার্ন রিজিয়নে

## ১৮৮ ট্রেনি অ্যাপ্রেন্টিস পাওয়ার গ্রিড কর্পোরেশনে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সাউদার্ন রিজিয়ন-II, নর্দার্ন রিজিয়ন-I, ওয়েস্টার্ন রিজিয়ন-I এবং ওয়েস্টার্ন রিজিয়ন-II –তে মোট ১৮৮ অ্যাপ্রেন্টিস নিচ্ছে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেডে (পিজিসিআইএল)। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

নর্দার্ন রিজিয়ন-I: মোট আসন ৯৩টি। এরমধ্যে- হরিয়ানায়: মোট ২৪টি (আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ৪, ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৫, ডিপ্লোমা (সিভিল) ৫, গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ৭, গ্র্যাজুয়েট (সিভিল) ৩)। উত্তরপ্রদেশে: মোট ২টি ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল)। রাজস্থানে: মোট ২৭টি (আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ৫, ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৬, ডিপ্লোমা (সিভিল) ৫, গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ৮, গ্র্যাজুয়েট (সিভিল) ৩)। রাজস্থান প্রজেক্টে: মোট ৪০টি (আইটিআই-

.... এরপর ৭ পাতায়

https://kaajcareer.in

# সম্পাদকীয়

বর্ষ ২০ ● সংখ্যা ১০

ইং-১১ মার্চ, ২০২৬ ● বাং- ২৬ ফাল্গুন, ১৪৩২

## মিউজিক থেরাপি

এখনকার সময়ে গান একটি বিশেষ চিকিৎসা পদ্ধতি হিসেবে ব্যবহৃত হচ্ছে। শুনেই অবাক হলেন তো! অবাক হওয়ার কিছু নেই। এটি মিউজিক থেরাপি বা সঙ্গীতভিত্তিক থেরাপি হিসেবে পরিচয় বহন করছে। মনোবিজ্ঞানের দৃষ্টিভঙ্গিতে দেখা হয়,মন খুব খারাপ থাকলে পছন্দের গান শুনলেই মনের অস্থিরতা অনেকটাই দূর হয়ে যায়। কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে,গান শোনার মুহূর্তে মস্তিষ্কের গভীর স্নায়বিক (Neural) পরিবর্তন ঘটে যায়। এখানে রয়েছে সুর আর শব্দের খেলা। যেমন-ছোট্ট শিশুরা জন্মের পর থেকে যে সব শব্দগুলির সাথে পরিচিত হয়ে ওঠে তার মধ্যে প্রধান হল-তার মায়ের কণ্ঠস্বর। সেই শব্দে ছন্দ, সুর ও আবেগ থাকে তা সে অনুভব করে। মানুষের মস্তিষ্ক ছোট থেকেই সেই সব শব্দের প্রতি আকৃষ্ট হয়ে স্বাভাবিকভাবেই সাড়া দিতে শেখে। একটু খেয়াল করে দেখবেন,মানুষ আনন্দে থাকলে গান শুনতে পছন্দ করে। অন্যদিকে মনকষ্ট বা মনের অস্থিরতা তৈরি হলে নির্জনে বসে সে গান শুনতে পছন্দ করে। গান শুনলে মনটা হালকা হয় বলে মনোবিজ্ঞানের ভাষাতে বলা হয়। এর নেপথ্যে গভীর বৈজ্ঞানিক কারণ লুকিয়ে রয়েছে বলে মনোবিজ্ঞান (Psychology),স্নায়ুবিজ্ঞান (Neuroscience) ও আধুনিক চিকিৎসাবিজ্ঞানের গবেষণায় উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে গবেষকদের বক্তব্য হল, প্রিয় গান একজন মানুষের মস্তিষ্কে এমনভাবে কাজ করে, যা বিশেষ বিশেষ ক্ষেত্রে মানসিক শান্তি ফিরিয়ে আনতে অনেকখানি সহায়তা করে থাকে। তাই সঙ্গীতভিত্তিক থেরাপি বা Music Therapy-র গুরুত্ব বেড়েছে।

### কাজকেরিয়ার
### বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রয়োজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — *সম্পাদক*

### — চিঠিপত্র বিভাগ —

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

**ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪**

### কাজকেরিয়ার

**সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর**

**এফেক্ট পাবলিকেশন্স,**
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

**বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র**
১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

**দিল্লি অফিস**
মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

**—সম্পাদক—**
প্রবীর মুখোপাধ্যায়
প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

## এসএসআর

*১ পাতার পর ..........*

০২/২০২৭) ব্যাচে। এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। মোট শূন্যপদের মধ্যে থেকে নির্ধারিত শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত। নীচের মতো যোগ্যতার ভারতীয় অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন।

মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ ম্যাথমেটিক্স, ফিজিক্স নিয়ে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স/ ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি/ ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ ফিজিক্স ও ম্যাথমেটিক্স নন-ভোকেশনাল বিষয় হিসেবে নিয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসেছেন কিন্তু ফল এখনও প্রকাশিত হয়নি তাঁরাও আবেদনের যোগ্য। তাঁদের ক্ষেত্রে নিয়োগের দ্বিতীয় স্তরে ওই শতাংশ নম্বর সহ পাশ করার প্রমাণপত্র দাখিল করতে হবে।

সবক্ষেত্রেই জন্মতারিখ হতে হবে অগ্নিবীর ০২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯ তারিখের মধ্যে এবং অগ্নিবীর ০১/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ১-১২-২০০৪ থেকে ৩১-৫-২০০৯ তারিখের মধ্যে। শারীরিক মাপজোক হতে হবে— পুরুষ ও মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫৭ সেমি হতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে— চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬ হতে হবে।

এসএসআর ব্যাচের ক্ষেত্রে ট্রেনিং হবে আইএনএস চিলিকায়। ট্রেনিং শুরু হবে ০১/২০২৭ ব্যাচেলর ক্ষেত্রে ডিসেম্বর মাস থেকে এবং ০২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে আগামী বছরের মে মাস থেকে। সফল ট্রেনিং শেষে নিয়োগ হলে নির্দিষ্ট হারে বার্ষিক বৃদ্ধি সহ প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা। এককালীন সেবা নিধি প্যাকেজ (এসএনপি) প্রযোজ্য। কাজেই হাতে পাবেন ২১,০০০ টাকা। একইভাবে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ বছর মাইনে যথাক্রেম ৩৩,০০০ টাকা (হাতে পাবেন ২৩,১০০ টাকা), ৩৬,৫০০ টাকা (হাতে পাবেন ২৩,৫৫০ টাকা) এবং ৪০,০০০ টাকা (হাতে পাবেন ২৮,০০০ টাকা। ৪ বছরের শেষে কর্পাস ফান্ডে অগ্নিবীরের অবদান ৫.০২ লাখ টাকা এবং ভারত সরকারের অবদান ৫.০২ লাখ টাকা। এছাড়া ৪ বছরের জন্য জীবনবিমা ৪৮ লাখ টাকা ও এককালীন অনুদান।

প্রার্থীবাছাই হবে ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট-২০২৬ (২টি স্টেজের লিখিত পরীক্ষা), শারীরিক মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। সব ব্যাচের ক্ষেত্রেই প্রথম স্টেজের লিখিত পরীক্ষায় থাকবে ইংরেজি, সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল নলেজ বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। উচ্চমাধ্যমিক স্তরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। প্রথম স্টেজের পরীক্ষার হবে মে মাস নাগাদ। এই পরীক্ষার ফল প্রকাশিত হবে মে-জুন মাস নাগাদ। দ্বিতীয় স্টেজের পরীক্ষায় থাকবে ইংরেজি, সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। দ্বিতীয় স্টেজের অগ্নিবীর ০১/২০২৭ ব্যাচের কললেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর মাসে এবং পরীক্ষা হবে অক্টোবর মাস নাগাদ। এতে সফলদের চিলকায় ট্রেনিং শুরু হবে ডিসেম্বর মাসে। দ্বিতীয় স্টেজের অগ্নিবীর ০২/২০২৭ ব্যাচের কললেটার ডাউনলোড করতে পারবেন আগামী বছরের ফেব্রুয়ারি মাসে। পরীক্ষা হবে আগামী বছরের মার্চ মাস নাগাদ। ওইসব প্রার্থীদের চিলকায় ট্রেনিং শুরু হবে আগামী বছরের মে মাস নাগাদ। এতে সফলদের শারীরিক সক্ষমতার পরীক্ষায় পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিমি দৌড়, ২০টি (মহিলাদের ক্ষেত্রে ১৫টি) ওঠ-বস, ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) পুশ আপ এবং হাঁটু ভাজ করে ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) সিট আপ। এতে সফলদের হবে ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষার সময় যাবতীয় নথিপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। এছাড়া পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেটও দাখিল করতে হবে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে https://www.joinindiannavy.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৬ এপ্রিলের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে পাসপোর্ট মাপের ছপি (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে রাখবেন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং-এর মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। এবার সঠিকভাবে আবেদনপত্র পূরণ করে ফাইনাল সাবমিশন করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। অন্যদিকে, কমন সার্ভিস সেন্টারের মাধ্যমেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে দিতে হবে ৬০ টাকা (জিএসটি আলাদা)। আবেদনপত্রে কোনও ভুল থাকলে তা সংশোধন করতে পারবেন ১০ থেকে ১১ এপ্রিল পর্যন্ত। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## এমআর

*১ পাতার পর ..........*

ব্যাচে। এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। মোট শূন্যপদের মধ্যে থেকে নির্ধারিত শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত। নীচের মতো যোগ্যতার ভারতীয় অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন।

কোনও স্বীকৃত বোর্ড থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। জন্মতারিখ হতে হবে অগ্নিবীর ০১/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ১-১২-২০০৪ থেকে ৩১-৫-২০০৯ তারিখের মধ্যে এবং অগ্নিবীর ০২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯ তারিখের মধ্যে। নিয়োগের সময় 'অবিবাহিত' হওয়ার প্রমাণপত্র হিসেবে সার্টিফিকেট দাখিল করতে হবে এবং মেয়াদ শেষ না হওয়া অবধি বিবাহ করতে পারবেন না।

ম্যাট্রিক রিক্রুট ব্যাচের ক্ষেত্রে ট্রেনিং আইএনএস চিলকায়। ট্রেনিং শুরু হবে ০১/২০২৭ ব্যাচেলর ক্ষেত্রে ডিসেম্বর মাস থেকে এবং ০২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে আগামী বছরের মে মাস থেকে। সফল ট্রেনিং শেষে নিয়োগ হলে নির্দিষ্ট হারে বার্ষিক বৃদ্ধি সহ প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা। এককালীন সেবা নিধি প্যাকেজ (এসএনপি) প্রযোজ্য। কাজেই হাতে পাবেন ২১,০০০ টাকা। একইভাবে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ বছর মাইনে যথাক্রেম ৩৩,০০০ টাকা (হাতে পাবেন ২৩,১০০ টাকা), ৩৬,৫০০ টাকা (হাতে পাবেন ২৩,৫৫০ টাকা) এবং ৪০,০০০ টাকা (হাতে পাবেন ২৮,০০০ টাকা। ৪ বছরের

*......... এরপর ৩ পাতায়*

## এমআর

২ পাতার পর ..........

শেষে কর্পাস ফান্ডে অগ্নিবীরের অবদান ৫.০২ লাখ টাকা এবং ভারত সরকারের অবদান ৫.০২ লাখ টাকা। এছাড়া ৪ বছরের জন্য জীবনবিমা ৪৮ লাখ টাকা ও এককালীন অনুদান।

শারীরিক মাপজোক হতে হবে পুরুষদের ও মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে— চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশম সহ উভয় চোখে ৬/৬।

প্রার্থীবাছাই হবে ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট-২০২৬ (২টি স্টেজের লিখিত পরীক্ষা), শারীরিক মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। সব ব্যাচের ক্ষেত্রেই প্রথম স্টেজের লিখিত পরীক্ষায় থাকবে সায়েন্স, ম্যাথমেটিক্স এবং দ্বিতীয় স্টেজের পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৩০ মিনিট। মাধ্যমিক স্তরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। প্রথম স্টেজের পরীক্ষার হবে মে মাস নাগাদ। এই পরীক্ষার ফল প্রকাশিত হবে মে-জুন মাস নাগাদ। দ্বিতীয় স্টেজের পরীক্ষায় থাকবে ইংরেজি, সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। দ্বিতীয় স্টেজের অগ্নিবীর ০১/২০২৭ ব্যাচের কললেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর মাসে এবং পরীক্ষা হবে অক্টোবর মাস নাগাদ। এতে সফলদের চিলকায় ট্রেনিং শুরু হবে ডিসেম্বর মাসে। দ্বিতীয় স্টেজের অগ্নিবীর ০২/২০২৭ ব্যাচের কললেটার ডাউনলোড করতে পারবেন আগামী বছরের ফেব্রুয়ারি মাসে। পরীক্ষা হবে আগামী বছরের মার্চ মাস নাগাদ। ওইসব প্রার্থীদের চিলকায় ট্রেনিং শুরু হবে আগামী বছরের মে মাস নাগাদ। এতে সফলদের শারীরিক সক্ষমতার পরীক্ষায় পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিমি দৌড়, ২০টি (মহিলাদের ক্ষেত্রে ১৫টি) ওঠ-বস, ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) পুশ আপ এবং হাঁটু ভাজ করে ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) সিট আপ। এতে সফলদের হবে ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষার সময় যাবতীয় নথিপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। এছাড়া পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেটও দাখিল করতে হবে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে https://www.joinindiannavy.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৬ এপ্রিলের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে পাসপোর্ট মাপের ছবি (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে রাখবেন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং-এর মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। এবার সঠিকভাবে আবেদনপত্র পূরণ করে ফাইনাল সাবমিশন করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। অন্যদিকে, কমন সার্ভিস সেন্টারের মাধ্যমেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে দিতে হবে ৬০ টাকা (জিএসটি আলাদা)। আবেদনপত্রে কোনও ভুল থাকলে তা সংশোধন করতে পারবেন ১০ থেকে ১১ এপ্রিল পর্যন্ত। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## এসএসআর (মেডিক্যাল)

২ পাতার পর ..........

এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নীচের মতো যোগ্যতার ভারতীয় অবিবাহিত তরুণরা আবেদন করতে পারেন।

কোনও স্বীকৃত বোর্ড থেকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা প্রতিটি বিষয়ে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। জন্মতারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯ তারিখের মধ্যে। নিয়োগের সময় ‘অবিবাহিত’ হওয়ার প্রমাণপত্র হিসেবে সার্টিফিকেট দাখিল করতে হবে এবং মেয়াদ শেষ না হওয়া অবধি বিবাহ করতে পারবেন না।

সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (মেডিক্যাল) ব্যাচের ক্ষেত্রে ট্রেনিং হবে আইএনএস চিলকায়। ট্রেনিং শুরু হবে আগামী বছরের মে মাস থেকে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড মাসে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগ হলে নির্দিষ্ট হারে বার্ষিক বৃদ্ধি সহ প্রথম বছর মাইনে মাসে ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,২০০ টাকা। সর্বাধিক মাস্টার চিফ পেটি অফিসার-১ র‌্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে। তখন মাইনে ৪৭,৬০০ - ১,৫১,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,২০০ টাকা। এছাড়া অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

শারীরিক মাপজোক হতে হবে পুরুষদের ও মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে— চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশম সহ উভয় চোখে ৬/৬।

প্রার্থীবাছাই হবে ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট-২০২৬ (২টি স্টেজের লিখিত পরীক্ষা), শারীরিক মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। সব ব্যাচের ক্ষেত্রেই প্রথম স্টেজের লিখিত পরীক্ষায় থাকবে ৪টি সেকশন। প্রথম সেকশনে থাকবে ইংরেজি, দ্বিতীয় সেকশনে থাকবে সায়েন্স, তৃতীয় সেকশনে থাকবে ম্যাথমেটিক্স এবং চতুর্থ সেকশনে থাকবে জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। উচ্চমাধ্যমিক স্তরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। প্রথম স্টেজের পরীক্ষার হবে মে মাস নাগাদ। এই পরীক্ষার ফল প্রকাশিত হবে মে-জুন মাস নাগাদ। দ্বিতীয় স্টেজের পরীক্ষায় থাকবে ইংরেজি, সায়েন্স, বায়োলজি এবং জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। দ্বিতীয় স্টেজের কললেটার ডাউনলোড করতে পারবেন আগামী বছরের ফেব্রুয়ারি মাসে। পরীক্ষা হবে আগামী বছরের মার্চ মাস নাগাদ। ওইসব প্রার্থীদের চিলকায় ট্রেনিং শুরু হবে আগামী বছরের মে মাস নাগাদ। এতে সফলদের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিমি দৌড়, ২০টি ওঠ-বস, ১৫টি পুশ আপ এবং হাঁটু ভাজ করে ১৫টি সিট আপ। এতে সফলদের হবে ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষার সময় যাবতীয় নথিপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। এছাড়া পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেটও দাখিল করতে হবে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে https://www.joinindiannavy.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৬ এপ্রিলের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে পাসপোর্ট মাপের ছবি (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে রাখবেন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং-এর মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। এবার সঠিকভাবে আবেদনপত্র পূরণ করে ফাইনাল সাবমিশন করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। অন্যদিকে, কমন সার্ভিস সেন্টারের মাধ্যমেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে দিতে হবে ৬০ টাকা (জিএসটি আলাদা)। আবেদনপত্রে কোনও ভুল থাকলে তা সংশোধন করতে পারবেন ১০ থেকে ১১ এপ্রিল পর্যন্ত। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ২,৫৫১ নার্সিং অফিসার

১ পাতার পর ..........

প্রতিবন্ধী ৯, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৩), তফশিলি জাতি ৫টি (মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ৪টি (মহিলা ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ১৮টি (মহিলা ৮, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৭), আর্থিকভাবে দুর্বল ৮টি (মহিলা ৫, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস ভোপাল:** শূন্যপদ ৭৬টি। এরমধ্যে থেকে অসং ৪৯টি (মহিলা ১৪, পুরুষ ৪, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২৫, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৬), তফশিলি জাতি ১৩টি (মহিলা ৪, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৬, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৩), তফশিলি উপজাতি ৩টি (মহিলা ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ৪টি (মহিলা ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), আর্থিকভাবে দুর্বল ৭টি (মহিলা ২, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস ভুবনেশ্বর:** শূন্যপদ ৫৫টি। এরমধ্যে থেকে অসং ৩১টি (মহিলা ২৪, পুরুষ ৬, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি জাতি ৭টি (মহিলা ৬, পুরুষ ১), তফশিলি উপজাতি ৩টি (মহিলা ২, পুরুষ ১), ওবিসি ৯টি (মহিলা ৬, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ৫টি (মহিলা ৪, পুরুষ ১)।

**এইমস দেওঘর:** শূন্যপদ ১০৪টি। এরমধ্যে থেকে অসং ৪৭টি (মহিলা ২৯, পুরুষ ৫, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৯, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৪), তফশিলি জাতি ১৭টি (মহিলা ১২, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ৭টি (মহিলা ৪, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ১০টি (মহিলা ৫, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ২৩টি (মহিলা ১৫, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৬, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২)।

**এইমস গোরক্ষপুর:** শূন্যপদ ২০৩টি। এরমধ্যে থেকে অসং ৯১টি (মহিলা ৬০, পুরুষ ২১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৮, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ৩২টি (মহিলা ১৮, পুরুষ ১০, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ১৪টি (মহিলা ৯, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ৫২টি (মহিলা ৩২, পুরুষ ১৫, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৫), আর্থিকভাবে দুর্বল ১৪টি (মহিলা ৫, পুরুষ ৭, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস গুয়াহাটি:** শূন্যপদ ৭৮টি। এরমধ্যে থেকে অসং ২৭টি (মহিলা ১৪, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৮, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ১৪টি (মহিলা ৮, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ২টি (মহিলা ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), ওবিসি ২৪টি (মহিলা ১৪, পুরুষ ৪, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৫, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ১১টি (মহিলা ৬, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস কল্যাণী:** শূন্যপদ ২০৫টি। এরমধ্যে থেকে অসং ১৩৭টি (মহিলা ১০৮, পুরুষ ২১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৬, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ৩০টি (মহিলা ২৩, পুরুষ ৫, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ১৭টি (মহিলা ১৩, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), ওবিসি ১৫টি (পুরুষ ১১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ৬টি (মহিলা ৪, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস মঙ্গলগিরি:** শূন্যপদ ৮৮টি। এরমধ্যে থেকে অসং ৩০টি (মহিলা ১৬, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৯, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ১২টি (মহিলা

........ এরপর ৪ পাতায়

https://kaajcareer.in

## ২,৫৫১ নার্সিং অফিসার

৩ পাতার পর ..........

৬, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ৭টি (মহিলা ৬, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), ওবিসি ২৬টি (মহিলা ১৯, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ১৩টি (মহিলা ১০, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস নাগপুর:** শূন্যপদ ৮৬টি। এরমধ্যে থেকে অসং ২৬টি (মহিলা ৯, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১১, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৩), তফশিলি জাতি ৬টি (মহিলা ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩), তফশিলি উপজাতি ৪টি (মহিলা ১, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ১৫টি (মহিলা ৭, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ৫টি (মহিলা ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস রাইবেরেলি:** শূন্যপদ ৮৫টি। এরমধ্যে থেকে অসং ৪০টি (মহিলা ১৮, পুরুষ ১২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৮, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ১২টি (মহিলা ৫, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ৬টি (মহিলা ৩, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), ওবিসি ১৮টি (মহিলা ৯, পুরুষ ৪, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৫), আর্থিকভাবে দুর্বল ৯টি (মহিলা ৪, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২)।

**এইমস নিউদিল্লি:** শূন্যপদ ২৮২টি। এরমধ্যে থেকে অসং ৯৮টি (মহিলা ৭৫, পুরুষ ১৯, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি জাতি ৩৮টি (মহিলা ২৬, পুরুষ ৬, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি উপজাতি ২৮টি (মহিলা ১৯, পুরুষ ৫, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), ওবিসি ১০০টি (মহিলা ৭৭, পুরুষ ১৯, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪), আর্থিকভাবে দুর্বল ১৮টি (মহিলা ১৪, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১)।

**এইমস পাটনা:** শূন্যপদ ১৬৮টি। এরমধ্যে থেকে অসং ৬৬টি (মহিলা ৫০, পুরুষ ১২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি জাতি ২৮টি (মহিলা ২১, পুরুষ ৬, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ১২টি (মহিলা ৯, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), ওবিসি ৫০টি (মহিলা ৩৮, পুরুষ ৯, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ১২টি (মহিলা ৯, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২)।

**এইমস হৃষিকেশ:** শূন্যপদ ৬৪টি। এরমধ্যে থেকে অসং ৩০টি (মহিলা ২০, পুরুষ ৪, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ১০টি (মহিলা ৮, পুরুষ ২), তফশিলি উপজাতি ২টি (মহিলা), ওবিসি ১৬টি (মহিলা ১২, পুরুষ ৪), আর্থিকভাবে দুর্বল ৬টি (মহিলা ৪, পুরুষ ২)।

**এইমস রাইপুর:** শূন্যপদ ৪৩টি। এরমধ্যে থেকে অসং ১৯টি (মহিলা ১৪, পুরুষ ৪, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি জাতি ৭টি (মহিলা ৬, পুরুষ ১), তফশিলি উপজাতি ২টি (মহিলা), ওবিসি ১২টি (মহিলা ৮, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ৩টি (মহিলা ২, পুরুষ ১)।

**এইমস বিজয়পুর, জম্মু:** শূন্যপদ ৫৪টি। এরমধ্যে থেকে অসং ১৭টি (মহিলা ৭, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৭), তফশিলি জাতি ১২টি (মহিলা ৪, পুরুষ ৪, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ৩টি (মহিলা ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ১৭টি (মহিলা ১২, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ৫টি (মহিলা ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২)।

**এইমস মাদুরাই:** শূন্যপদ ৩০টি। এরমধ্যে থেকে অসং ১৪টি (মহিলা ৮, পুরুষ ৩, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি জাতি ৪টি (মহিলা ৩, পুরুষ ১), তফশিলি উপজাতি ২টি (মহিলা), ওবিসি ৮টি (মহিলা ৬, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ২টি (মহিলা)।

**সিএপিএফ আইএমএস, ময়দানগারি:** শূন্যপদ ৩২টি। এরমধ্যে থেকে অসং ১৬টি (মহিলা ৬, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৬, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ২), তফশিলি জাতি ৩টি (মহিলা), তফশিলি উপজাতি ১টি (মহিলা), ওবিসি ১০টি (মহিলা ৬, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ২টি (মহিলা ১, পুরুষ ১)।

**ন্যাশনাল ইনস্টিটিউট অফ টিউবারকিউলিওসিস অ্যান্ড রেসপিরেটরি ডিজিজ:** শূন্যপদ ৫টি (অসং ২টি, তফশিলি জাতি ২টি, আর্থিকভাবে দুর্বল ১টি)।

**অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন (এআইআইপিএমআর), মুম্বাই:** শূন্যপদ ১টি (ওবিসি)।

**সিআইপি, রাঁচি:** শূন্যপদ ১৩টি (অসং ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)।

**জিপমার, পুদুচেরি:** শূন্যপদ ৮৮টি। এরমধ্যে থেকে অসং ৩১টি (মহিলা ১১, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ১৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৪), তফশিলি জাতি ১১টি (মহিলা ৭, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৩), তফশিলি উপজাতি ১৫টি (মহিলা ১১, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২), ওবিসি ২০টি (মহিলা ৭, পুরুষ ১, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৯, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ৩), আর্থিকভাবে দুর্বল ১১টি (মহিলা ৭, পুরুষ ২, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২)।

**জিপমার, ইয়ানাম:** শূন্যপদ ৭টি। এরমধ্যে থেকে অসং ৪টি (মহিলা ৩, পুরুষ ১), তফশিলি জাতি ২টি (মহিলা), তফশিলি উপজাতি ১টি (মহিলা)।

**জিপমার, কড়াইকল:** শূন্যপদ ৩৮৩টি। এরমধ্যে থেকে অসং ১৪৮টি (মহিলা ১১২, পুরুষ ২৭, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৮, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি জাতি ৫৫টি (মহিলা ৪১, পুরুষ ১০, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), তফশিলি উপজাতি ৩২টি (মহিলা ১৬, পুরুষ ৬), ওবিসি ১০৮টি (মহিলা ৮৩, পুরুষ ২০, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৪, পুরুষ-শারীরিক প্রতিবন্ধী ১), আর্থিকভাবে দুর্বল ৪০টি (মহিলা ৩০, পুরুষ ৮, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ২)।

**এসজেএইচ, হাসপাতাল:** শূন্যপদ ১৪০টি (অসং ৫৮টি, তফশিলি জাতি ২১, তফশিলি উপজাতি ১০, ওবিসি ৩৭, আর্থিকভাবে দুর্বল ১৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)।

**আরএমএল, হাসপাতাল:** শূন্যপদ ২টি।

**ইএসআইসি, নিউদিল্লি:** শূন্যপদ ২১৯টি। এরমধ্যে থেকে অসং ৯২টি (মহিলা ৭৪, পুরুষ ১৮), তফশিলি জাতি ৩২টি (মহিলা ৫৭, পুরুষ ২৬, মহিলা-শারীরিক প্রতিবন্ধী ৬), তফশিলি উপজাতি ১৫টি (মহিলা১২, পুরুষ ৩), ওবিসি ৫৭টি (মহিলা ৪৬, পুরুষ ১১), আর্থিকভাবে দুর্বল ২৩টি (মহিলা ১৮, পুরুষ ৫)।

ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল/ স্টেট নার্সিং কাউন্সিল স্বীকৃত নার্সিংয়ের বিএসসি (অনার্স) ডিগ্রি পাশরা বা নার্সিংয়ের বিএসসি ডিগ্রি পাশরা অথবা বিএসসি (পোস্ট সার্টিফিকেট)/ পোস্ট বেসিক বিএসসি নার্সিং সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে রাজ্য/ ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকা চাই। কিংবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল/ স্টেট নার্সিং কাউন্সিল স্বীকৃত জেনারেল নার্সিং মিডওয়াইফারির ডিপ্লোমাধারীরা রাজ্য/ ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকলে এবং নার্সিংয়ের শিক্ষাগত যোগ্যতা অর্জনের পর অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও স্বীকৃত হাসপাতালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১৬-৩-২০২৬ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার বেসড প্রিলিমিনারি পরীক্ষা, মেইন পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ অ্যান্ড অ্যাপ্টিটিউড বিষয়ের ২০টি প্রশ্ন এবং নার্সিং কোর্স সংক্রান্ত ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর কাটা যাবে। প্রশ্নপত্র বিভাজিত থাকবে ৫টি সেকশনে। প্রতিটি সেকশনে ২০টি করে প্রশ্ন থাকবে। প্রতিটি সেকশনে উত্তরের জন্য সময় পাবেন ১৮ মিনিট করে। প্রিলি পরীক্ষায় ৫০ (তফশিলিদের ক্ষেত্রে ৪০, ওবিসিদের ক্ষেত্রে ৪৫) শতাংশ নম্বর পেলে তবেই সফল হবেন। কম্পিউটার বেসড মেইন পরীক্ষায় থাকবে নার্সিং কোর্স সংক্রান্ত ১৬০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৮০ মিনিট। এই পরীক্ষাটি ৪টি সেকশনে বিভাজিত থাকবে। প্রতিটি সেকশনে থাকবে ৪০টি প্রশ্ন এবং প্রতিটি সেকশনে উত্তরের জন্য সময় পাবেন ৪৫ মিনিট করে। মেইন পরীক্ষায় ৫০ (তফশিলিদের ক্ষেত্রে ৪০, ওবিসিদের ক্ষেত্রে ৪৫) শতাংশ নম্বর পেলে তবেই সফল হবেন। প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ ১১ এপ্রিল ও মেইন পরীক্ষার সম্ভাব্য ৩০ এপ্রিল।

আবেদন করবেন অনলাইনে https://rrp.aiimsexams.ac.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৬ মার্চের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই, বাম হাতের বুড়ো আঙুলের ছাপ ইত্যাদি ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ৩,০০০ (তফশিলি, আর্থিকভাবে দুর্বল প্রার্থীদের ক্ষেত্রে ২,৪০০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। শারীরিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তবে তফশিলি প্রার্থীরা কম্পিউটার বেসড পরীক্ষায় বসলে প্রয়োজনীয় টাকা কেটে বাকি টাকা ফেরৎ দেওয়া হবে। তবে তাঁদের ক্ষেত্রে পরীক্ষার ফল প্রকাশের পর তফশিলি সার্টিফিকেট যাচাই করার পরই এই টাকা ফেরৎ পাবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং-১৭/২০২৬। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ১,১০০ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর ..........

হায়দরাবাদ জোনের ক্ষেত্রে— তেলুগু, উর্দু। কোচি জোনের ক্ষেত্রে— মালয়ালম। কলকাতা জোনের ক্ষেত্রে— বাংলা, নেপালি, হিন্দি। লক্ষ্ণৌ জোনের ক্ষেত্রে— হিন্দি, উর্দু। মুম্বাই জোনের ক্ষেত্রে— মারাঠি। নাগপুর জোনের ক্ষেত্রে— মারাঠি। পাটনা জোনের ক্ষেত্রে— হিন্দি। পুণে জোনের ক্ষেত্রে— কোঙ্কনি, মারাঠি।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার: মোট শূন্যপদ ১,১০০টি। এরমধ্যে থেকে কলকাতায়: শূন্যপদ ৬০টি (অসং ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৬, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। আমেদাবাদে: শূন্যপদ ৭০টি (অসং ২৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭, ওবিসি ১৮, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি

........ এরপর ৫ পাতায়

https://kaajcareer.in

## ১,১০০ অ্যাসিস্ট্যান্ট

*৪ পাতার পর ..........*

১)। বেঙ্গালুরুতে: শূন্যপদ ৭৫টি (অসং ৩১, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭, ওবিসি ২০, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১)। ভোপালে: শূন্যপদ ৫৫টি (অসং ২৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৪, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১)। ভুবনেশ্বরে: শূন্যপদ ৫০টি (অসং ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। চণ্ডীগড়ে: শূন্যপদ ৭০টি (অসং ২৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ওবিসি ২০, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। চেন্নাইয়ে: শূন্যপদ ৭০টি (অসং ২৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৮, ওবিসি ১৮, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। দিল্লিতে: শূন্যপদ ১৩০টি (অসং ৫৪, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯, ওবিসি ৩৫, আর্থিকভাবে দুর্বল ১৩ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ২, শ্রবণ প্রতিবন্ধী ২, অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। গুয়াহাটি: শূন্যপদ ৩৫টি (অসং ১৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে অস্থি প্রতিবন্ধী ১)। হায়দরাবাদে: শূন্যপদ ৬৫টি (অসং ২৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৭, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। কোচিতে: শূন্যপদ ৫৫টি (অসং ২৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৬, ওবিসি ১৪, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১)। লক্ষ্ণৌতে: শূন্যপদ ৮৫টি (অসং ৩৭, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২২, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১)। মুম্বাইয়ে: শূন্যপদ ১৩০টি (অসং ৫২, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ১২, ওবিসি ৩৫, আর্থিকভাবে দুর্বল ১৩ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১, অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ২)। নাগপুরে: শূন্যপদ ৫০টি (অসং ২০, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৫, ওবিসি ১১, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১)। পাটনায়: শূন্যপদ ৪৫টি (অসং ২০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ১২, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)। পুণেতে: শূন্যপদ ৫৫টি (অসং ২৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৮, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে অস্থি প্রতিবন্ধী ১, এমডি/ আইডি ১)।

অন্তত ৬০ (তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর সহ যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। তবে ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করবেন না।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১-৩-২০২৬ তারিখের হিসেবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৩-২০০১ থেকে ১-৩-২০০৬-এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেএএম) গ্রেড-‘ও’ ২০২৬-২৭ পরীক্ষার মাধ্যমে প্রার্থীবাছাই হবে অনলাইন টেস্ট, নথিপত্র যাচাই, ইন্টারভিউ এবং ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। অনলাইন পরীক্ষায় থাকবে মোট ৬০ নম্বরের লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন বিষয়ের ৬০টি প্রশ্ন, মোট ৪০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ের ৪০টি প্রশ্ন, মোট ৪০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ের ৪০টি প্রশ্ন এবং মোট ৬০ নম্বরের জেনারেল/ ইকনমিক/ ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস/ কম্পিউটার/ আইটি বিষয়ের ৬০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। অনলাইন পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের— কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি। ত্রিপুরার— আগরতলা। অসমের— ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর, তেজপুর। বিহারের— আরা, ঔরঙ্গাবাদ (বিহার), ভাগলপুর, দারভাঙ্গা, গয়া, মুজফফরপুর, পাটনা, পুর্নিয়া। মণিপুরের— ইম্ফল। মিজোরামের— আইজল। মেঘালয়ের— শিলং। নাগাল্যান্ডের— কোহিমা। ওড়িশার— বালাসোর, বহরমপুর-গঞ্জাম, ভুবনেশ্বর, কটক, ধেনকানাল, রৌরকেল্লা, সম্বলপুর। এছাড়া দেশের অন্যান্য রাজ্যেও পরীক্ষা কেন্দ্র আছে।

আবেদন করবেন অনলাইনে https://www.idbibank.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৯ মার্চের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাম হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সাদা কাগজে ইংরেজিতে নিজের হাতে লেখা ঘোষণাপত্র (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) ইত্যাদি স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ (তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০) টাকা। জমা দেবেন অনলাইনে। অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 7 /2025-26. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ৭৩১ অফিসার, জুনিয়র

*১ পাতার পর ..........*

হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (মেকানিক্যাল): শূন্যপদ ২০৭টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের পুরো সময়ের রেগুলার ডিপ্লোমাধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল): শূন্যপদ ১১৭টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের পুরো সময়ের রেগুলার ডিপ্লোমাধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (কেমিক্যাল): শূন্যপদ ২৭টি। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের পুরো সময়ের রেগুলার ডিপ্লোমাধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (কোয়ালিটি কন্ট্রোল): শূন্যপদ ১২টি। কেমিস্ট্রির ৩ বছরের পুরো সময়ের রেগুলার গ্র্যাজুয়েট (বি. এসসি. কেমিস্ট্রি) ডিগ্রিধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (এইচআর): শূন্যপদ ৫টি। ৩ বছরের পুরো সময়ের রেগুলার বিবিএ/ বিবিএ (অনার্স)/ এইচআর স্পেশ্যালাইজেশন সহ বিএমএস ডিগ্রিধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ (ফায়ার অ্যান্ড সেফটি): শূন্যপদ ১৬টি। যে কোনও সায়েন্স গ্র্যাজুয়েট ও সঙ্গে ফায়ার অ্যান্ড সেফটির ডিপ্লোমাধারী হতে হবে। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকা চাই। মেকানিক্যাল ইঞ্জিনিয়ার: শূন্যপদ ৭২টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার: শূন্যপদ ৩৭টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। সিভিল ইঞ্জিনিয়ার: শূন্যপদ ১৭টি। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। কেমিক্যাল ইঞ্জিনিয়ার: শূন্যপদ ১৫টি। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। অফিসার - ফিনান্স (সিএ): শূন্যপদ ৩০টি। যে কোনও ডিসিপ্লিনে অন্তত ৩ বছরের পুরো সময়ের রেগুলার গ্র্যাজুয়েট প্রার্থীদের কোয়ালিফায়েড চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (সিএ)হতে হবে। অফিসার- ফিনান্স (সিএমএ): শূন্যপদ ৪টি। যে কোনও ডিসিপ্লিনে অন্তত ৩ বছরের পুরো সময়ের রেগুলার গ্র্যাজুয়েট প্রার্থীদের কোয়ালিফায়েড কস্ট অ্যাকাউন্ট্যান্ট (সিএমএ) হতে হবে। অফিসার - ফিনান্স (এমবিএ): শূন্যপদ ৪টি। যে কোনও ডিসিপ্লিনে অন্তত ৩ বছরের পুরো সময়ের রেগুলার গ্র্যাজুয়েট প্রার্থীদের ২ বছরের পুরো সময়ের এমবিএ হতে হবে। অফিসার - এইচআর: শূন্যপদ ৬টি। এইচআর/ পার্সোনেল ম্যানেজমেন্ট/ ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স/ সাইকোলজি কিংবা এইচআর-এ স্পেশ্যালাইজেশন সহ এমবিএ প্রার্থীদের ২ বছরের পুরো সময়ের পোস্ট-গ্র্যাজুয়েট বা সমতুল ডিগ্রিধারী হতে হবে। অফিসার - আইএস: শূন্যপদ ৪টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের ইঞ্জিনিয়ারিং কোর্স করে থাকতে হবে। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পুরো সময়ের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ/ অ্যাসিস্ট্যান্ট অফিসার/ অফিসার - অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ (হিন্দি) ইমপ্লিমেন্টেশন: শূন্যপদ ৩টি। ইংরিজি অন্যতম বিষয় সহ হিন্দির গ্র্যাজুয়েট ডিগ্রিধারী এবং হিন্দির ২ বছরের পুরো সময়ের পিজি ডিগ্রিধারী হতে হবে। এইচআর লিগ্যাল অফিসার: শূন্যপদ ২টি। পুরো সময়ের গ্র্যজুয়েশনের পর আইনের ৩ বছরের পুরো সময়ের কোর্স পাশ হতে হবে। অথবা উচ্চমাধ্যমিক/ সমতুলের পর আইনের ৫ বছরের কোর্স পাশ হতে হবে। সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার- সেফটি (উত্তর প্রদেশ): শূন্যপদ ২টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ কেমিক্যাল/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট রাজ্য সরকার স্বীকৃত ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে এবং স্থানীয় ভাষার যথেষ্ট জ্ঞান থাকতে হবে। সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার- সেফটি (তামিলনাড়ু): শূন্যপদ ২টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ কেমিক্যাল/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট রাজ্য সরকার স্বীকৃত ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে এবং স্থানীয় ভাষার যথেষ্ট জ্ঞান থাকতে হবে। সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার- সেফটি (কেরালা): শূন্যপদ ২টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ কেমিক্যাল/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট রাজ্য সরকার স্বীকৃত ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে এবং স্থানীয় ভাষার যথেষ্ট জ্ঞান থাকতে হবে। সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার- সেফটি (এইচকিউও): শূন্যপদ ৩টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ কেমিক্যাল/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট রাজ্য সরকার স্বীকৃত ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে এবং স্থানীয় ভাষার যথেষ্ট জ্ঞান থাকতে হবে। সিনিয়র অফিসার - সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন (সিজিডি) অপারেসন্স অ্যান্ড মেন্টেন্যান্স: শূন্যপদ ৪টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। সিনিয়র অফিসার - সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন (সিজিডি) প্রজেক্টস: শূন্যপদ ৬টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। সিনিয়র অফিসার - সেলস (রিটেল/ লুবস/ ডাইরেক্ট সেলস/ এলপিজি): শূন্যপদ ৫০টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ কেমিক্যাল/ সিভিল ইঞ্জিনিয়ারিং -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে এবং ২ বছরের পুরো সময়ের এমবিএ/ (এআইইউ অনুযায়ী এমবিএর সমতুল) পিজিডিএম হতে হবে। সিনিয়র অফিসার - বেনজিন/ টলুইন হ্যান্ডলিং: শূন্যপদ ৩টি। মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ কেমিক্যাল/ পেট্রোকেমিক্যাল ইঞ্জিঃ -এর একটির ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার প্রজেক্স: শূন্যপদ ৬টি। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো

*........ এরপর ৬ পাতায়*

https://kaajcareer.in

## ৭৩১ অফিসার, জুনিয়র

৫ পাতার পর ..........

সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার - লুব ব্লেন্ডিং: শূন্যপদ ২টি। কেমিস্ট্রির এম.এসসি. ডিগ্রিধারী অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। সিনিয়র অফিসার - অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার - গ্রিজ ম্যানুফ্যাকচারিং: শূন্যপদ ৪টি। কেমিস্ট্রির এম.এসসি. ডিগ্রিধারী অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। ম্যানেজার - টেকনিক্যাল সার্ভিসেস (পেট্রোকেমিক্যালস): শূন্যপদ ৩টি। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের পুরো সময়ের রেগুলার ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার/ সিনিয়র ম্যানেজার - এইচআর: শূন্যপদ ৫টি। এইচআর/ পার্সোনেল ম্যানেজমেন্ট/ ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স/ সাইকোলজি -এর একটির ২ বছরের পুরো সময়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা সমতুল ডিগ্রিধারী হতে হবে। অথবা এইচআর স্পেশ্যালাইজেশন সহ এমবিএ ডিগ্রিধারী হতে হবে।

এছাড়া, সিনিয়র সাইবার সিকিউরিটি স্ট্র্যাটিজিস্ট অ্যান্ড অ্যাভাইজর-আইটি অ্যান্ড ওটি (এফটিসি), অফিসার - সিবিজি অপারেশন্স, সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার- সেফটি (গোয়া), সিনিয়র অফিসার - সিবিজি অপারেশন্স, ম্যানেজার - প্ল্যান্ট অপারেশন্স (২জি ইথানল), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - প্ল্যান্ট মেন্টেন্যান্স (২জি ইথানল), সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - ফিডস্টক প্রকিয়োরমেন্ট (২জি ইথানল), সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - কোম্পানি সিকিউরিটি, সিনিয়র অফিসার/ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার - (কোম্পানি সিকিউরিটি), ডেপুটি জেনারেল ম্যানেজার - টেকনিক্যাল সার্ভিসেস (আর অ্যান্ড ডি প্রোডাক্ট কমার্শিয়ালাইজেশন- পেট্রোকেমিক্যালস), ডেপুটি জেনারেল ম্যানেজার - পলিমার এক্সপোর্ট, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার - আইএস (ডেটা ম্যানেজমেন্ট), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার - আইএস (সাইবার সিকিউরিটি), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ ম্যানেজার - আইএস (কোয়ালিটি অ্যাশিওরেন্স), ম্যানেজার/ সিনিয়র ম্যানেজার - আইএস (এন্ট্রাপ্রাইজ আর্কিটেক্ট) পদগুলিতে ১টি করে শূন্যপদ রয়েছে। এইসব পদের শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং অন্যান্য যোগ্যতা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

২৫.০৩.২০২৬ তারিখের হিসেবে পদ অনুযায়ী বয়স হতে হবে ২৫ বছর/ ২৫ থেকে ২৭ বছর/ ২৬ থেকে ৪৭ বছর/ ৩৯ থেকে ৪৫ বছর -এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, অসং-প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর এবং জম্মু ও কাশ্মীরের বাসিন্দা সহ অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। পদ অনুযায়ী মাইনে ৩০,০০০ থেকে ১,২০,০০০ টাকা/ ৪০,০০০ থেকে ১,৪০,০০০ টাকা/ ৫০,০০০ থেকে ১,৬০,০০০ টাকা/ ৬০,০০০ থেকে ১,৮০,০০০ টাকা/ ৭০,০০০ থেকে ২,০০,০০০ টাকা/ ৮০,০০০ থেকে ২,২০,০০০ টাকা/ ৯০,০০০ থেকে ২,৪০,০০০ টাকা/ ১,২০,০০০ থেকে ২,৮০,০০০ টাকা। এছাড়া এফটিসি পজিশনের (সিনিয়র সাইবার সিকিউরিটি স্ট্র্যাটিজিস্ট অ্যান্ড অ্যাডভাইজর) জন্য থোক পারিশ্রমিক বছরে ৫০ লাখ টাকা বা ৬০ লাখ টাকা। বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন - মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন) এবং নির্ধারিত ইন্টিগ্রেটেড/ ডুয়াল ডিগ্রিধারীরা।

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন - ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীরা।

সিভিল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন - সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং), সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রণমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল, সিভিল অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার অ্যাপ্লিকেশন সহ), সিভিল ইঞ্জিনিয়ারিং (কনস্ট্রাকশন টেকনোলজি), সিভিল এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল টেকনোলজি এবং নির্ধারিত ইন্টিগ্রেটেড/ ডুয়াল ডিগ্রিধারীরা।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন– কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি এবং নির্ধারিত ইন্টিগ্রেটেড/ ডুয়াল ডিগ্রিধারীরা।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানেজার টেকনিক্যাল সার্ভিসেস (পেট্রোকেমিক্যাল) এবং ডেপুটি জেনারেল ম্যানেজার – টেকনিক্যাল সার্ভিসেস -এর ক্ষেত্রে প্রযোজ্য) ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন – কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্লাস্টিক অ্যান্ড পলিমার), পেট্রোকেম অ্যান্ড পেট্রোলিয়াম রিফাইনারি ইঞ্জিনিয়ারিং, পেট্রোকেমিক্যাল টেকনোলজি, রাবার অ্যান্ড প্লাস্টিক টেকনোলজি, পেট্রোকেম ইঞ্জিনিয়ারিং, পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, প্লাস্টিক অ্যান্ড পলিমার ইঞ্জিনিয়ারিং, প্লাস্টিক টেকনোলজি, প্লাস্টিক ইঞ্জিনিয়ারিং, পলিমার ইঞ্জিনিয়ারিং, পলিমার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, পলিমার সায়েন্স অ্যান্ড কেমিক্যাল টেকনোলজি, পলিমার টেকনোলজি এবং নির্ধারিত ইন্টিগ্রেটেড/ ডুয়াল ডিগ্রিধারীরা।

ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন – ইলেকট্রনিক্স এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স (ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল), ইলেকট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্ট টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং এবং ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি, এবং নির্ধারিত ইন্টিগ্রেটেড/ ডুয়াল ডিগ্রিধারীরা।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন – আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) অ্যান্ড ডেটা সায়েন্স, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সাইবার সিকিউরিটি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (এআই), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (এআই অ্যান্ড মেশিন লার্নিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইন্টারনেট অফ থিংস), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বিজনেস সিস্টেমস, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং নির্ধারিত ইন্টিগ্রেটেড/ ডুয়াল ডিগ্রিধারীরা।

মেকানিক্যাল ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন – মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা) এবং ডিপ্লোমা – মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশ্যালাইজেশন) ডিপ্লোমাধারীরা।

সিভিল ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন– সিভিল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা) এবং ডিপ্লোমা – সিভিল ইঞ্জিনিয়ারিং (স্পেশ্যালাইজেশন) ডিপ্লোমাধারীরা।

ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন – ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা) এবং ডিপ্লোমা – ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশ্যালাইজেশন) ডিপ্লোমাধারীরা।

কেমিক্যাল ডিসিপ্লিনে আবেদন করতে পারবেন – কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা) এবং ডিপ্লোমা – কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশ্যালাইজেশন) ডিপ্লোমাধারীরা।

প্রার্থিবাছাই হবে দরখাস্ত বাছাই এবং কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি)/ লিখিত পরীক্ষা/ টাইপিং টেস্ট, গ্রুপ টাস্ক, সাইকোমেট্রি অ্যাসেসমেন্ট, স্কিল চেস্ট, মুট কোর্ট, পার্সোনাল/ টেকনিক্যাল ইন্টারভিউ, শারীরিক সুস্থতা দক্ষতার পরীক্ষা ইত্যাদির মাধ্যমে। কম্পিউটার বেসড টেস্টের ২টি পার্ট। পার্ট-ওয়ান: জেনারেল অ্যাপ্টিটিউড: ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড টেস্ট অ্যান্ড ইন্টেলেকচুয়াল পোটেনসিয়াল টেস্ট। পার্ট-টু: টেকনিক্যাল/ প্রফেশনাল নলেজ: কোয়ালিফাইং ডিগ্রি/এডুকেশনাল ব্যাকগ্রাউন্ড। অবজেক্টিভ প্রশ্নে কম্পিউটার বেসড টেস্ট হতে পারে ৩ মে, ২০২৬ তারিখ। প্রশ্ন পাবেন 'কেরিয়ার' পেজে। মেধা এবং নির্ধারিত অনুপাতে CBT-তে সফল প্রার্থীদের নির্দিষ্ট পদের জন্য প্রয়োজনীয় প্রমাণপত্র আপলোড করতে বলা হবে। আপলোড করা প্রমাণপত্র এবং মেধর ভিত্তিতে বাছাই প্রার্থীদের গ্রুপ টাস্ট এবং/ অথবা পার্সোনাল ইন্টারভিউয়ে ডাকা হবে। পার্সোনাল ইন্টারভিউয়ের আগে প্রমাণপত্র যাচাই করা হবে। প্রার্থিবাছাই প্রক্রিয়া সংক্রান্ত আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

আবেদনের ফি অসংরক্ষিত/ ওবিসিএনসি/ ইডব্লিউএস প্রার্থীদের ক্ষেত্রে ১৮ শতাংশ জিএসটি সহ মোট ১,১৮০ টাকা। পেমেন্ট গেটওয়ে চার্জ অতিরিক্ত। তফশিলি এবং প্রতিবন্ধীদের আবেদনের ফি দিতে হবে না। ফি দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ ইউপিআই/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি পেমেন্ট সফল হলে পেমেন্ট স্টেটাস হবে "Your Transaction is successfully completed"

আবেদন করবেন অনলাইনে www.hindustanpetroleum.com ওয়েবসাইটের 'Careers' > 'Current Openings' -এ গিয়ে, ২৫ মার্চ, ২০২৬ তারিখের মধ্যে। আবেদন করার আগে বিজ্ঞপ্তি ভাল করে পড়ে নেবেন। অনলাইন আবেদন করার জন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি এবং মোবাইল নম্বর থাকা চাই। আবেদন করার সময় ছবি ও সই আপলোড করতে হবে। কোনও প্রশ্ন থাকলে পদের নাম এবং অ্যাপ্লিকেশন নম্বর দিয়ে মেইল করতে পারেন career@hpcl.in আইডি-তে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং HPCL/OPEN/HR/3/2025-26. দরখাস্তের পদ্ধতি, কোন পদে কত অভিজ্ঞতা থাকা প্রয়োজন, এসব সহ আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ১৯২ জনকে ট্রেনিং

১ পাতার পর ..........

ট্রেডে NCVT পরিচালিত একটি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর, জাতীয় কাউন্সিল কর্তৃক ট্রেডে দক্ষতার একটি সার্টিফিকেট দেওয়া হবে।

ফিটার (সিরিয়ার নং ০১): শূন্যপদ ৮৫টি। মেশিনিস্ট (সিরিয়ার নং ০২): শূন্যপদ ৩১টি। মেকানিক (মোটর ভেহিকেল) (সিরিয়ার নং ০৩): শূন্যপদ ৮টি। টার্নার (সিরিয়ার নং ০৪): শূন্যপদ ৫টি। সিএনসি প্রোগ্রামিং কাম-অপারেটর (সিওই গ্রুপ) (সিরিয়ার নং ০৫): শূন্যপদ ২৩টি। ইলেক্ট্রিশিয়ান (সিরিয়ার নং ০৬): শূন্যপদ ১৮টি। ইলেক্ট্রনিক মেকানিক (সিরিয়ার নং ০৭): শূন্যপদ ২২টি।

মোট অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং (NCVT) প্রদত্ত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারী (NTC) হলে আবেদন করতে পারেন। সারা ভারতীয় রেলওয়েতে কর্মরত রেল কর্মীদের সন্তানরাও আবেদন যোগ্য। রেল কর্মীর সন্তানরা, নির্ধারিত বয়ানে, তাঁদের আবেদন পাঠাবেন সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসিয়ালসের মাধ্যমে। রেল কর্মীর সন্তানদের ক্ষেত্রে এমপ্লমেন্ট

......... এরপর ৭ পাতায়

## ১৯২ জনকে ট্রেনিং

৬ পাতার পর ..........

এক্সচেঞ্জে নাম নথিভুক্ত থাকা জরুরি নয়। ওপরে বলা কোর্সগুলি পুরো সময়ের রেগুলার কোর্স হওয়া চাই।

উচ্চতর শিক্ষাগত যোগ্যতা তথা ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট এবং ডিপ্লোমা হোল্ডাররা আবেদনের যোগ্য নন। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্ট্রেশন থাকা বাধ্যতামূলক। কাজেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্টার্ড প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। ০১-০৩-২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৫ বছর (পূর্ণ) থেকে ২৪ বছর (পূর্ণ নয়) –এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন। বয়সের ছাড় দেওয়া হবে রেলওয়ে বোর্ডের বর্তমান এবং সংশোধিত নির্দেশিকা অনুযায়ী। বয়সের ছাড় পেতে প্রয়োজনীয় প্রমাণপত্র দাখিল করতে হবে।

আবেদনের ফি বাবদ, ইন্ডিয়ান পোস্টাল অর্ডার (আইপিও) বা জাতীয় ব্যাঙ্কের (২৮ ফেব্রুয়ারি, ২০২৬ বা তার পরে কাটা) ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। মহিলা/ প্রতিবন্ধী/ তফশিলিদের এই ফি দিতে হবে না। ফি দেবেন 'Principal Financial Adviser / Rail Wheel Factory' –এর অনুকূলে। ফি ছাড়া আবেদন গ্রাহ্য হবে না।

স্টাইপেন্ড- সিএনসি প্রোগ্রামিং কাম-অপারেটর (সিওই গ্রুপ) ট্রেডের জন্য মাসে ১০,৮৯৯ টাকা এবং ফিটার, মেশিনিস্ট, মেকানিক (মোটর ভেইকেল), টার্নার, ইলেক্ট্রিশিয়ান এবং ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের জন্য মাসে ১২,২৬১ টাকা।

প্রার্থিবাছাই হবে মেধার ভিত্তিতে। মাধ্যমিক/ সমতুলে পাওয়া নম্বর (মোট অন্তত ৫০ শতাংশ নম্বর) –এর ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। দুজন প্রার্থীর মোট নম্বর একই হলে সেক্ষেত্রে বয়সকে অগ্রাধিকার দেওয়া হবে। চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে সংশ্লিষ্ট ট্রেডের শূন্যপদ অনুযায়ী। প্রার্থীদের অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ (সময়ে সময়ে সংশোধিত) অনুযায়ী মেডিকেল ফিটনেস থাকা চাই।

যেসব প্রমাণপত্রগুলি লাগবে:- বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিক/ সমতুলের মার্কশিট, এনসিভিটি প্রদত্ত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধকতা সার্টিফিকেট, ২ কপি স্ব-প্রত্যয়িত পাসপোর্ট মাপের ছবি (খামে ভরে দরখাস্তের সঙ্গে গেঁথে দিতে হবে), (প্রাক্তন সমরকর্মী হলে) ডিসচার্জ সার্টিফিকেট, (কর্নাটকের প্রার্থী হলে) ওই রাজ্যের এমপ্লয়মেন্ট রেজিস্ট্রেশন কার্ড অথবা (অন্য কোনও রাজ্য হলে) বর্তমান নবীকরণ সহ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড, (রেল কর্মীর সন্তান হলে) নির্ধারিত বয়ানে সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারের দেওয়া সার্টিফিকেট এবং (প্রযোজ্য হলে) ১০০ টাকার আইপিও/ ডিমান্ড ড্রাফট।

বাছাই প্রার্থীদের অ্যাপ্রেন্টিসশিপ কনট্র্যাক্ট রেজিস্টার করতে হবে https://www.apprenticeship-india.gov.in/canditdate-login অনলাইন অ্যাপ্রেন্টিশিপ পোর্টালে।

আবেদন করবেন নির্ধারিত বয়ান পূরণ করে, ০১ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে। আবেদনের বয়ান সহ যাবতীয় বয়ান পাবেন https://rwf.indianrailways.gov.in অফিসিয়াল ওয়েবসাইটে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং RWF/AT-16/627(2025-26). আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## সেন্ট্রাল ব্যাঙ্কে ২৭৫

১ পাতার পর ..........

যে কোনও শাখায়।

সফটওয়্যার ডেভেলপার (ডেভেলপার জাভা): মোট শূন্যপদ ১৩টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ৪, ইডব্লিউএস ১)। ১৩টির মধ্যে- স্কেল1 ২টি, স্কেল2 ৯টি, স্কেল3 ১টি এবং স্কেল4 ১টি। মোবাইল ডেভেলপার (অ্যান্ড্রয়েড/ আইওএস): মোট শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। ৩টিই স্কেল2 –তে। সফটওয়্যার ডেভেলপার (ডেভেলপার ডট নেট): মোট শূন্যপদ ৬টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ২)। ৬টিই SC2 –তে। ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেশন: মোট শূন্যপদ ১১টি (অসং ৫, তঃজাঃ ১, ওবিসি৪, ইডব্লিউএস১)। ১১টির মধ্যে- স্কেল2 ৯টি, স্কেল3 ২টি। ডিজিটাল চ্যানেল ম্যানেজার/ ডিজিটাল অ্যাপ্লিকেশন স্পেশ্যালিস্ট: মোট শূন্যপদ ২৩টি (অসং ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৬, ইডব্লিউএস ৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ২৩টির মধ্যে- স্কেল1 ৫টি, স্কেল2 ১৭টি এবং স্কেল3 ১টি। লিনাক্স/ সোলারিস/ SAN/ স্টোরেজ/ SRE/ ওপেন সিফট: মোট শূন্যপদ ১৪টি (অসং ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, ইডব্লিউএস ১)। ১৪টির মধ্যে- স্কেল2 ১২টি এবং স্কেল3 ২টি। উইন্ডোজ/ এডি: মোট শূন্যপদ ৫টি (অসং ৩, ওবিসি ১, ইডব্লিউএস ১)। ৫টির মধ্যে- স্কেল2 ৪টি এবং স্কেল3 ১টি। ক্লাউড ম্যানেজার: মোট শূন্যপদ ৫টি (অসং ৩, ওবিসি ২)। ৫টির মধ্যে- স্কেল2 ৩টি এবং স্কেল3 ২টি। ইনফর্মেশন সিকিউরিটি, সাইবার সিকিউরিটি অ্যান্ড আইটি গভার্নস, রিস্ক: মোট শূন্যপদ ৩৮টি (অসং ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ওবিসি ১২, ইডব্লিউএস ৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ৩৮টির মধ্যে- স্কেল1 ১৫টি, স্কেল2 ১৬টি (১টি প্রতিবন্ধী), স্কেল3 ৪টি এবং স্কেল4 ৩টি। নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেশন/ নেটওয়ার্ক সিকিউরিটি: মোট শূন্যপদ ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। ৫টির মধ্যে- স্কেল2 ৪টি এবং স্কেল3 ১টি। প্রোডাকশন সাপোর্ট/ ROC/ ডিজিটাল সাপোর্ট: মোট শূন্যপদ ২৬টি (অসং ১১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ওবিসি ৭, ইডব্লিউএস ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১)। ২৬টির মধ্যে- স্কেল1 ৪টি, স্কেল2 ২১টি এবং স্কেল3 ১টি। এন্টারপ্রাইজ/ ইন্টিগ্রেশন/ পাবলিক ক্লাউড আর্কিটেক্ট: মোট শূন্যপদ ৬টি (অসং ৪, ওবিসি ১, ইডব্লিউএস ১)। ৬টির মধ্যে- স্কেল2 ৪টি, স্কেল3 ১টি এবং স্কেল4 ১টি। DevSeeOps: মোট শূন্যপদ ৪টি (অসং ২, ওবিসি ১, ইডব্লিউএস ১)। ৪টিই SC2 –তে। ওয়েব সার্ভার/ ওয়েব লজিক অ্যাডমিনিস্ট্রেটর: মোট শূন্যপদ ৩টি (অসং ২, ইডব্লিউএস ১)। ৩টির মধ্যে- স্কেল2 ২টি এবং স্কেল3 ১টি। ডেটা আর্কিটেক্ট: মোট শূন্যপদ ১৫টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, ইডব্লিউএস ১)। ১৫টির মধ্যে- স্কেল2 ১২টি এবং স্কেল3 ৩টি। ডেটা ইঞ্জিনিয়ার/ ডেটা কোয়ালিটি/ ETL/ PLSQL/ BI: মোট শূন্যপদ ১৫টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, ইডব্লিউএস ১)। ১৫টির মধ্যে- স্কেল2 ১২টি এবং স্কেল3 ৩টি। ডেটা সায়েন্টিস্ট: মোট শূন্যপদ ৬টি (অসং ৩, তঃউঃজা ১, ওবিসি ২)। ৬টির মধ্যে- স্কেল2 ৪টি এবং স্কেল3 ২টি। জেন এআই: মোট শূন্যপদ ২টি (অসং)। ২টির মধ্যে- স্কেল2 ১টি এবং স্কেল3 ১টি। আইটি অফিসার: মোট শূন্যপদ ৮২টি (অসং ২৪, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ৮, ওবিসি ১৯, ইডব্লিউএস ১১ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৮)। ৮২টির মধ্যে- স্কেল1 ৩৮টি (এরমধ্যে প্রতিবন্ধী ৪) এবং স্কেল2 ৪৪টি (এরমধ্যে প্রতিবন্ধী ৪)। রিস্ক ম্যানেজার: মোট শূন্যপদ ৪টি (অসং)। ৪টির মধ্যে- স্কেল1 ১টি এবং স্কেল3 ৩টি। ট্র্যাক্সেশন/ সিএ: মোট শূন্যপদ ২টি (অসং)। ২টিই স্কেল2 –তে।

প্রতিটি পদের প্রার্থীদের পদ অনুযায়ী কম্পিউটার সায়েন্স/ আইটি/ ইসিই/ ই অ্যান্ড টিসি/ ইলেক্ট্রনিক্স/ ইত্যাদির বি.ই./ বি.টেক. ডিগ্রিধারী অথবা এমসিএ ডিগ্রিধারী হতে হবে। ভূমিকা, দায়িত্ব, স্কিল সহ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পর্কে সবিস্তার তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

৩১-০১-২০২৬ তারিখের হিসেবে স্কেল অনুযায়ী বয়স হতে হবে:- স্কেল4 ৪৫ বছরের মধ্যে, স্কেল3 ৩৫ বছরের মধ্যে, স্কেল2 ৩৫ বছরের মধ্যে এবং স্কেল1 ৩০ বছরের মধ্যে। বয়সের উর্ধ্বসীমায় তফশিলিরা ৫, ওবিসিরা ৩, দিব্যাঙ্গজন ১০ বছর এবং অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে:- চিফ ম্যানেজার (স্কেল4): ১,০২,৩০০ – ১,২০,৯৪০ টাকা। সিনিয়র ম্যানেজার (স্কেল3): ৮৫,৯২০ – ১,০৫,২৮০ টাকা। ম্যানেজার (স্কেল2): ৬৪,৮২০ – ৯৩,৯৬০ টাকা। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (স্কেল1): ৪৮,৪৮০ – ৮৫,৯২০ টাকা।

যোগদানের দিন থেকে প্রথমে ২ বছরের প্রবেশন। স্কেল2 এবং তার উপরের স্কেলে নিযুক্ত অফিসারদের ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রবেশনের সময়কাল কমাতে পারেন অথবা প্রবেশন বাতিল করতে পারেন। এ সম্পর্কে কর্তৃপক্ষ অফিসারদের লিখিত জানাবেন।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে। লিখিত পরীক্ষা এবং সাক্ষাৎকার হবে এপ্রিল মাসে। ন্যূনতম যোগ্যতা থাকলেই লিখিত পরীক্ষা বা সাক্ষাৎকারের ডাক পাবেন, এমনটা নয়। ১০০ নম্বরের, ৭৫ নম্বরের এবং ৯০ মিনিটের লিখিত পরীক্ষা হবে অনলাইনে। এতে থাকবে স্ট্রিম/ ক্যাটেগরি স্পেসিফিক ৫০টি প্রশ্ন, নম্বর ৭৫, সময় ৬০ মিনিট। রিজনিং ১৫টি প্রশ্ন, নম্বর ১৫ এবং ব্যাঙ্কিং আর, প্রেজেন্ট ইকনমিক সিনেরিও অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ১০টি প্রশ্ন, নম্বর ১০, দুটি মিলিয়ে মোট সময় ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষায় সফল হতে সাধারণ/ ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ, তফশিলি/ ওবিসি/ প্রতিবন্ধী প্রার্তীদের অন্তত ৪৫ শতাংশ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের ওয়েটেজ ৭০:৩০। অনলাইন পরীক্ষার সঠিক তারিখ/ কেন্দ্র/ স্থান জানানো হবে কললেটার/ ই-মেলের মাধ্যমে। পরীক্ষা বাতিল হতে পারে বা পদ্ধতির পরিবর্তন হতে পারে।

পশ্চিমবঙ্গে পরীক্ষা হবে- দুর্গাপুর, কলকাতা/ গ্রেটার কলকাতা, কল্যাণী এবং শিলিগুড়ি কেন্দ্রে। উত্তরপূর্বাঞ্চলে (ত্রিপুরা, অরুণাচল প্রদেশ, আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম) পরীক্ষা হবে- শিলচর, গুয়াহাটি, ডিব্রুগড়, নাহারলাগুন, ইম্ফল, শিলং, আইজল, কোহিমা, গ্যাংটক, আগরতলা কেন্দ্রে। ওড়িশায় পরীক্ষা হবে- ভুবনেশ্বর, সম্বলপুর, বেরহামপুর-গঞ্জাম কেন্দ্রে। বিহারে পরীক্ষা হবে- ভাগলপুর, দারভাঙ্গা, মুজফফরপুর, পাটনা কেন্দ্রে। এছাড়া- অন্ধ্র প্রদেশ, চণ্ডীগড়, ছত্তিশগড়, দিল্লি এবং এনসিআর, গোয়া, গুজরাট, হরিয়ানা, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর, ঝাড়খণ্ড, কর্নাটক, কেরালা, মধ্য প্রদেশ, মহারাষ্ট্র, পাঞ্জাব, রাজস্থান, তামিল নাড়ু, তেলেঙ্গানা, উত্তর প্রদেশ এবং উত্তরাখণ্ডে পরীক্ষা কেন্দ্র রয়েছে।

আবেদনের ফি/ ইন্টিমেশন চার্জ দিতে হবে ২৩ মার্চের মধ্যে। তফশিলি/ প্রতিবন্ধী/ মহিলারা কেবল ইন্টিমেশন চার্জ বাবদ দেবেন ১৭৫ টাকা। বাকিরা আবেদনের ফি এবং ইন্টিমেশন চার্জ বাবদ দেবেন ৮৫০ টাকা। উভয়ক্ষেত্রেই ব্যাঙ্ক ট্রানজ্যাকশন চার্জ অতিরিক্ত।

আবেদন করবেন অনলাইনে https://ibpsreg.ibps.in/cbisofeb26/ লিঙ্কের "CLICK HERE TO APPLY ONLINE" –এ ক্লিক করে, ২৩ মার্চের মধ্যে। অনলাইন আবেদন করার আগে নিজের ছবি এবং সই স্ক্যান করে রাখবেন। এছাড়া যাবতীয় তথ্য/ প্রমাণপত্র হাতের কাছে মজুত রাখবেন। অনলাইন আবেদন করার জন্য একটি বৈধ ও ব্যক্তিগত সক্রিয় ই-মেইল আইডি থাকা চাই। আবেদন করার সময় আপলোড করতে হবে ছবি, সই, বাম হাতের বুড়ো আঙুলের ছাপ, নিজের হাতে লেখা ডিক্লারেশন, ইত্যাদি। পদ্ধতি পাবেন ওয়েবসাইটে।

## ১৮৮ ট্রেনি অ্যাপ্রেন্টিস

১ পাতার পর ..........

ইলেক্ট্রিশিয়ান ৬, ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৬, ডিপ্লোমা (সিভিল) ৮, গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ১৪, গ্র্যাজুয়েট (সিভিল) ৬)।

ওয়েস্টার্ন রিজিয়ন-II: মোট আসন ৫৫টি। এরমধ্যে- মধ্যপ্রদেশে: মোট১৬টি (আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ৩, ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৩, ডিপ্লোমা (সিভিল) ২, গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ৩, গ্র্যাজুয়েট (সিভিল) ৫)। গুজরাটে: মোট ৩৯টি (আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ৪, ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৯, ডিপ্লোমা (সিভিল) ৮, গ্র্যাজুয়েট

........ এরপর ৮ পাতায়

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133
Email: runnerex298@gmail.com

https://kaajcareer.in

## ১৮৮ ট্রেনি অ্যাপ্রেন্টিস

৭ পাতার পর ..........

(ইলেক্ট্রিক্যাল) ৮, গ্র্যাজুয়েট (সিভিল) ৬, এইচআর এক্সিকিউটিভ ২, সিএসআর এক্সিকিউটিভ ১, রাজভাষা অ্যাসিস্ট্যান্ট ১)।

ওয়েস্টার্ন রিজিয়ন-I: মোট আসন ২৫টি। এরমধ্যে- মহারাষ্ট্রে: মোট ৭টি গ্র্যাজুয়েট (সিভিল) ১, ডিপ্লোমা (সিভিল) ৬)। ছত্তিশগড়ে: মোট ১৬টি (গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ১, গ্র্যাজুয়েট (সিভিল) ২, ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৫, ডিপ্লোমা (সিভিল) ৬, আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ২)। মধ্যপ্রদেশে: মোট ২টি (ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ১, আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ১)।

সাউদার্ন রিজিয়ন-I: মোট আসন ১৫টি। এরমধ্যে- কর্নাটকে: মোট ৩টি ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল)। তামিলনাড়ুতে: মোট ৩টি ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ৬, গ্র্যাজুয়েট (সিভিল) ১, আইটিআই (ইলেক্ট্রিশিয়ান) ৫)।

ট্রেড অনুযায়ী প্রার্থীদের পুরো সময়ের রেগুলার ডিগ্রি/ ডিপ্লোমা/ আইটিআই সার্টিফিকেটধারী হতে হবে। পার্ট-টাইম বা চিঠিপত্র বা দূরশিক্ষা বা অনলাইন মোডে পাশ করে থাকলে আবেদনের যোগ্য নন। নম্বরের শতাংশ ফাইনাল/ থোক মার্কশিটে উল্লেখ থাকতে হবে। পাশ করে থাকতে হবে ১২.০৩.২০২৪ থেকে ১১.০৩.২০২৬ তারিখের মধ্যে। প্রার্থীদের অ্যাপ্রন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ –র প্রভিশন অনুযায়ী শারীরিক সুস্থ হতে হবে। যাঁরা ফাইনাল পরীক্ষা জন্য অপেক্ষা করছেন, যাঁদের ১৮ বছর পূর্ণ হয়নি, যাঁরা আগে অন্য কোনও প্রতিষ্ঠানে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা এখন নিচ্ছেন, যাঁদের ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা আছে তাঁরা আবেদনের যোগ্য নন।

আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ট্রেডের প্রার্থীদের ইলেক্ট্রিশিয়ান ট্রেডের পুরো সময়ের রেগুলার কোর্স পাশ হতে হবে। ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের প্রার্থীদের ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারী হতে হবে। ডিপ্লোমা (সিভিল) ট্রেডের প্রার্থীদের সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারী হতে হবে। গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের প্রার্থীদের ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের বি.ই./ বি.টেক./ বি.এসসি. (ইঞ্জিঃ) ডিগ্রিধারী হতে হবে। গ্র্যাজুয়েট (সিভিল) ট্রেডের প্রার্থীদের সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের বি.ই./ বি.টেক./ বি.এসসি. (ইঞ্জিঃ) ডিগ্রিধারী হতে হবে। এইচআর এক্সিকিউটিভ ট্রেডের প্রার্থীদের এমবিএ (এইচআর)/ পার্সোনেল ম্যানেজমেন্টের পিজি ডিপ্লোমাধারী/ পিএম অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স ডিগ্রিধারী হতে হবে। সিএসআর এক্সিকিউটিভ ট্রেডের প্রার্থীদের সোশ্যাল ওয়ার্ক (এমএসডব্লিউ)/ রুরাল ডেভেলপমেন্ট/ ম্যানেজমেন্ট ডিগ্রিধারী হতে হবে। রাজভাষা অ্যাসিস্ট্যান্ট ট্রেডের প্রার্থীদের দক্ষ ইংরেজি জ্ঞান সহ ৩ বছরের পুরো সময়ের বি.এ. (হিন্দি) ডিগ্রিধারী হতে হবে।

স্টাইপেন্ড:- আইটিআই-ইলেক্ট্রিশিয়ান ট্রেডের জন্য: ১৩,৫০০ টাকা। ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) এবং (সিভিল) ট্রেডের জন্য: ১৫,০০০ টাকা। গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ও (সিভিল), এইচআর এক্সিকিউটিভ, সিএসআর এক্সিকিউটিভ, রাজভাষা অ্যাসিস্ট্যান্ট ট্রেডের জন্য: ১৭,৫০০ টাকা।

বয়স ১৮ বছর পূর্ণ হওয়া চাই। কোনও আবেদনের ফি দিতে হবে না।

প্রার্থিবাছাই হবে শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য যোগ্যতার ভিত্তিতে দরখাস্ত বাছাই এবং যাবতীয় প্রমাণপত্র যাচাইয়ের মাধ্যমে। দরখাস্তের ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের থেকে শূন্য আসনের ৫ গুণ প্রার্থীকে প্রমাণপত্র যাচাইয়ে ডাকা হবে। প্রমাণপত্র যাচাইয়ের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে, NATS/ NAPS পোর্টালে ত্রি-পাক্ষিক অ্যাপ্রেন্টিসশিপ চুক্তি গ্রহণ, নির্ধারিত ফরম্যাটে মেডিকেল সার্টিফিকেট জমা দেওয়া এবং পুলিশ ভেরিফিকেশনের ভিত্তিতে। কোনও লিখিত পরীক্ষা বা সাক্ষাৎকার হবে না। প্রমাণপত্র যাচাই প্রক্রিয়ার সময় টিএ/ ডিএ পাবেন না। বাছাই প্রার্থীদের রেজিস্টার্ড ই-মেইলের মাধ্যমে জানানো হবে।

আইটিআই-ইলেক্ট্রিশিয়ান এবং এইচআর এক্সিকিউটিভ/ সিএসআর এক্সিকিউটিভ/ রাজভাষা অ্যাসিস্ট্যান্ট ট্রেডের প্রার্থীরা রেজিস্টার করবেন (NAPS) www.apprenticeship-india.gov.in পোর্টালের মাধ্যমে। আর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/ ডিপ্লোমা ট্রেডের প্রার্থীরা রেজিস্টার করবেন (NAPS) https://nats.education.gov.in/ পোর্টালের মাধ্যমে, ১১ মার্চের মধ্যে। বিজ্ঞপ্তি নং WR-II: Apprenticeship/2025-26/WR-II/02, NR-I: Apprenticeship/2025-26/NR-I/02 SR-II: Apprenticeship/2025-26/SR-II/02, WR-I: Apprenticeship/2025-26/WR-I/01. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৮৬ স্টাফ নার্স

১ পাতার পর ..........

প্রতিবন্ধী ১, অসং-অন্যান্য প্রতিবন্ধী ১, আর্থিকভাবে দুর্বল ৮, তঃজাঃ ১৮, তঃজাঃ-শারীরিক প্রতিবন্ধী ১, তঃউঃজাঃ ৬, ওবিসি-এ ৮, ওবিসি-বি ৭)।

ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল/ ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্স পাশরা অথবা নার্সিংয়ের বিএসসি ডিগ্রি পাশরা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে এবং বাংলা ভাষা দক্ষ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৬ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০, মেধাবি খেলোয়াড়রা ৫ বছর বয়সের ছাড় পাবেন। থোক পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা।

প্রার্থীবাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, অভিজ্ঞতার ভিত্তিতে। এরপরে হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। দ্বাদশ শ্রেণি পাশের জন্য ২০ নম্বর, জিএনএম/ বিএসসি পাশের জন্য ৫০ নম্বর, অভিজ্ঞতার জন্য ১৫ (১ বছরের বেশি কিন্তু ২ বছরের কম হলে ৩, ২ বছরের বেশি কিন্তু ৩ বছরের কম হলে ৬, ৩ বছরের বেশি কিন্তু ৪ বছরের কম হলে ৯, ৪ বছরের বেশি কিন্তু ৫ বছরের কম হলে ১২, ৫ বছর বা তার বেশি হলে ১৫) নম্বর, ইন্টারভিউয়ের জন্য ১৫ নম্বর।

আবেদন করবেন অনলাইনে https://www.kmcgov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৫ মার্চের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, কালো কালি দিয়ে করা সই, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট/ পাস সার্টিফিকেট, স্থায়ী বাসস্থানের প্রমাণপত্র হিসেবে আধার/ ভোটার কার্ড/ পাসপোর্ট, দ্বাদশ শ্রেণি পাশ সার্টিফিকেট ও মার্কশিট, জিএনএম/ বিএসসি নার্সিংয়েরপ্রতি সেমিস্টারের মার্কশিট, পাস সার্টিফিকেট, নার্সিং কাউন্সিল রেজিস্ট্রেশন, কাস্ট সার্টিফিকেট, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিকভাবে দুর্বল প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র, মেধাবি খেলোয়াড়দের ক্ষেত্রে উপযুক্ত শংসাপত্র ইত্যাদি স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নথিপত্র যাচাইয়ের সময় অনলাইন আবেদনপত্রের প্রিন্ট আউটের সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যেতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 08-/Kolkata city NUHM Society/2025-26. । আরও জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

# কোঙ্কন রেলে ১৯০ ট্রেনি

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ট্রেনি অ্যাপ্রেন্টিস হিসেবে ১৯০ জনকে নিচ্ছে কোঙ্কান রেলওয়ে কর্পোরেশন লিমিটেডে। ১ বছরের ট্রেনিং হবে অ্যাপ্রেনটিসেস অ্যাক্ট, ১৯৬১/ ১৯৭৩ (সংশোধিত) -এর অধীনে।

সিভিল ইঞ্জিনিয়ারিং (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ৩০টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ২০টি। ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ১০টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ২০টি।

ডিপ্লোমা (সিভিল) (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ৩০টি। ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ২০টি। ডিপ্লোমা (ইলেক্ট্রনিক্স) (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ১০টি। ডিপ্লোমা (মেকানিক্যাল) (মেডিক্যাল ক্যাটেগরি বি১): ট্রেনিং স্লট ২০টি।

জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েট (মেডিক্যাল ক্যাটেগরি সি১): ট্রেনিং স্লট ৩০টি।

ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিম (NATS) পোর্টালে রেজিস্টার্ড হলে এবং বৈধ অনুমোদিত NATS আইডি থাকলে এবং ২০২১, ২০২২, ২০২৩, ২০২৪ এবং ২০২৫ সালে ডিগ্রি বা ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করতে পারেন।

শিক্ষাগত যোগ্যতা:- শিক্ষাগত যোগ্যতা:- ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে - সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং অথবা ইলেক্ট্রিক্যালের বেসিক স্ট্রিমগুলির যে কোনও সাব স্ট্রিম কম্বিনেশন নিয়ে পাশ অথবা ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ আইটি/ কমিউনিকেশন/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অথবা ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ আইটি/ কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের বেসিক স্ট্রিমগুলির যে কোনও সাব স্ট্রিম কম্বিনেশন নিয়ে পাশ অথবা মেকানিক্যাল/ ইন্ডাস্ট্রিয়াল/ অটোমোবাইল/ প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের বি.ই./ বি.টেক. ডিগ্রিধারী হতে হবে। ডিপ্লোমার ক্ষেত্রে- সিভিল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের অথবা ইলেক্ট্রিক্যালের বেসিক স্ট্রিমগুলির যে কোনও সাব স্ট্রিম কম্বিনেশন নিয়ে পাশ করা অথবা ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ আইটি/ কমিউনিকেশন ইঞ্জিঃ/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিঃ/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের অথবা ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ ইত্যাদি ইঞ্জিনিয়ারিংয়ের বেসিক স্ট্রিমগুলির যে কোনও সাব স্ট্রিম কম্বিনেশন নিয়ে পাশ করা অথবা মেকানিক্যাল/ ইন্ডাস্ট্রিয়াল/ অটোমোবাইল/ প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারী হতে হবে। জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে- প্রার্থীদের আর্টস/ সায়েন্স/ কমার্স/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/ ম্যানেজমেন্ট সায়েন্স/ জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন/ বিজনেস স্টাডিজ -এর ব্যাচেলর ডিগ্রিধারী হতে হবে।

১-১-২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা এবং ডিপ্লোমাধারীদের স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা ও আইটিআই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে। এরপর নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা।

নিজের নাম রেজিস্ট্রেশন করবেন অনলাইনে https://nats.education.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২১ মার্চের মধ্যে। তফশিলি/ মহিলা/ সংখ্যালঘু/ আর্থিকভাবে কমজোর প্রার্থী ছাড়া বাকি সকলকে আবেদনের ফি বাবদ ১০০ টাকা দিতে হবে। নথিপত্র যাচাইয়ের সময় মূল প্রমাণপত্রগুলি এবং সেসবের ১ সেট স্ব-প্রত্যয়িত ফটো কপি সঙ্গে নিয়ে যেতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং CO/APPR/2026/01. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

https://kaajcareer.in

Printed & Published by Kanika Chakraborty on behalf of Owner Kanika Chakraborty and Printed at New India Art Press, Deshbandhu Road, Bhatrapolly, Barasat, North 24 Parganas, West Bengal - 700 126 and Published at BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700 064, Editor: Prabir Mukhopadhyay

Editorial Office: BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, District- North 24 Parganas, West Bengal - 700 064, Ph: (033) 2334-3575, Mobile: +91 9434972260,
Email: editorkaajcareer@gmail.com/ kaajcareerportal@gmail.com, Web: www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer. RNI No. WBBEN/2006/18125